দৈনিক সংবাদ

তারিখ 24 JUL 1988
পৃষ্ঠা 1 কলাম 4

077

# ঢাকা বিশ্ববিদ্যালয়ের বিএ, বিএসসি ও বিকম পরীক্ষার ফল প্রকাশ

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ১৯৮৮ সালের বি,এ পাস পরীক্ষার ফলাফলের পরিসংখ্যানে দেখা যায় যে, উপস্থিত ২৮ হাজার ৮শ' ২ জন পরীক্ষার্থীর মধ্যে ১৩ হাজার ৫শ' ৫১ জন কৃতকার্য হয়। তাদের মধ্যে ৯ জন ১ম বিভাগে, ৪ হাজার ৯৮ জন ২য় বিভাগে, ৯ হাজার ৪শ' ৩৪ জন ৩য় বিভাগে এবং ১০ জন অনার্স কোর্স থেকে 'পাস' বিভাগে কৃতকার্য হয়। পাসের হার শতকরা

(শেষ পৃঃ ৪-এর কঃ দ্রঃ)

## ঢাকা বিশ্ববিদ্যালয়

(১ম পাতার পর)

৪৭ দশমিক ০৪ ভাগ। খবর সংবাদ বিজ্ঞপ্তির।

বিএসসি পাস পরীক্ষায় উপস্থিত ৬ হাজার ৭শ' ৫২জন পরীক্ষার্থীর মধ্যে মোট ৩ হাজার ৫শ' ৪৫জন কৃতকার্য হয়। তাদের মধ্যে ২৫জন ১ম বিভাগে, ১ হাজার ৫শ' ৭১ জন ২য় বিভাগে এবং ১ হাজার ৯শ' ৪৯ জন ৩য় বিভাগে কৃতকার্য হয়। পাসের হার শতকরা ৫২ দশমিক ৫ ভাগ।

বি.কম পাস পরীক্ষায় উপস্থিত ৭ হাজার ৪শ' ৪০ জন পরীক্ষার্থীর মধ্যে ৩ হাজার ৫শ' ২৬ জন কৃতকার্য হয়। তাদের মধ্যে ২ জন প্রথম বিভাগে, ৭শ' ১৩ জন ২য় বিভাগে এবং ২ হাজার ৮শ' ১১ জন ৩য় বিভাগে কৃতকার্য হয়। পাসের হার শতকরা ৪৭ দশমিক ৪ ভাগ।